গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৪.৯৯( ম্যাটস-আইএইচটি-ভর্তি পরীক্ষা) ০০১.২২. ০০৩ তারিখঃ ১২ -০১-২০২২খ্রিঃ

## ভর্তি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২১ - ২০২২ খ্রিঃ শিক্ষা বর্ষে মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS) ও ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT)-তে ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি। প্রকাশ থাকে যে, সরকারি/বেসরকারি ইনষ্টিটিউটে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীর জন্য অনলাইনে আবেদন বাধ্যতামূলক।

২০২১-২০২২ খ্রিঃ শিক্ষা বর্ষে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের অধীন মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS)-সমূহে ৩ (তিন) বৎসর মেয়াদী কোর্স ও ০১ (এক) বৎসর ইন্টার্নশীপ সহ ডিপ্লোমা কোর্স এবং ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT) সমূহে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সের বিভিন্ন অনুষদে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলীসহ দরখাস্ত আহবান করা হচ্ছে ঃ

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২. ভর্তির যোগ্যতাঃ ২০১৭ খ্রিঃ থেকে ২০২১ খ্রিঃ পর্যন্ত সময়সীমার মধ্যে এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জীববিজ্ঞান সহ উত্তীর্ণ হতে হবে। প্রার্থীকে ন্যূনতম জিপিএ ২.৫ প্রাপ্ত হতে হবে।

০৩. যে সকল প্রার্থী O-Level বা বিদেশ থেকে পাশ করেছেন তাদের ২০০০/- টাকার পে-অর্ডার জমা প্রদান করে পরিচালক, (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এর কাছ থেকে Marks Equivalence Certificate (নম্বর সমতাকরণ সনদ) ও ID Code সংগ্রহ করতে হবে। এটা ছাড়া অনলাইনে ফরম পূরন করা যাবে না।
**বিভাগীয় (Departmental) প্রার্থীরা পূর্বেই পরিচালক (চিকিৎসা শিক্ষা),স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর কাছ থেকে ID Code সংগ্রহ করবেন।**

০৪.

| | |
|---|---|
| *অনলাইনে (On line) আবেদন করার শুরুর তারিখঃ* | *২০/০১/২০২২ খ্রিঃ সকাল ১০ টা।* |
| *অনলাইনে আবেদন করার শেষ তারিখঃ* | *১৩/০২/২০২২খ্রিঃ রাত ১১-৫৯ মিঃ।* |
| প্রবেশপত্র ডাউনলোডঃ | ১৯-০২-২০২২খ্রিঃ হতে ২২-০২-২০২২খ্রিঃ পর্যন্ত। |
| পরীক্ষার তারিখঃ | ২৫-০২-২০২২খ্রিঃ শুক্রবার, সময় ০১ ঘন্টা (সকাল ১০ টা হতে ১১ টা পর্যন্ত)। |

০৫. ভর্তির আবেদন ফি ৭০০/- টাকা। (প্রি-পেইড টেলিটকের মাধ্যমে প্রদান করতে হবে)।

০৬. ভর্তির জন্য সাময়িক ভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা এবং অপেক্ষমাণ তালিকা একই সাথে প্রকাশ করা হবে।

০৭. ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য সরকারি MATS/IHT সমূহের অধ্যক্ষের দপ্তর হতে জানা যাবে।

০৮. স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট (www.dgme.gov.bd) ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট (www.dghs.gov.bd) হতে ফরম পূরণের নিয়মাবলিসহ অন্যান্য তথ্য জানা যাবে। এছাড়া টেলিটক বাংলাদেশ লিঃ এর নিকট হতে তথ্য জানা যাবে।

০৯. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১০. করোনাকালীন সময়ে পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমে স্বাস্থ্যবিধি মানার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ করা হল

12/01/2022.

অধ্যাপক ডাঃ একেএম আহসান হাবিব
পরিচালক(চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ ৪৮৮১১২০০
Email:medicaledu313@gmail.com

১২/০১/22

অনুলিপি জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
৩. সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়)।
৪. সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়)।
৫. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষন-সহকারী পরিচালক, প্রশাসন)।
৬. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. যুগ্ম-সচিব (চিশিজ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. লাইন ডাইরেক্টর, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট-এ প্রচার করার জন্য অনুরোধ করা গেল।
১০. উপ-পরিচালক, প্রশাসন/সবেমেক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১. অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী (সকল)।
১২. অধ্যক্ষ, ম্যাটস (সকল)।
১৩. সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরনী (৮৬, বিজয় নগর), ঢাকা।
১৪. সচিব, ফার্মেসী কাউন্সিল অব বাংলাদেশ, রাহাত টাওয়ার (৫ম তলা), পশ্চিম বাংলামটর, ঢাকা।
১৫. অফিস নথি ।

12/01/2022

অধ্যাপক ডাঃ একেএম আহসান হাবিব
পরিচালক(চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ ৪৮৮১১২০০
Email:medicaledu313@gmail.com
12/01/22

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৪.৯৯( ম্যাটস-আইএইচটি-ভর্তি পরীক্ষা) ০০১.২২. তারিখঃ -০১-২০২২খ্রিঃ

## ভর্তি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২১ - ২০২২ খ্রিঃ শিক্ষা বর্ষে মেডিক্যাল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS) ও ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজি (IHT)-তে ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি। প্রকাশ থাকে যে সরকারি/বেসরকারি ইনষ্টিটিউটে ভর্তিচ্ছুক ছাত্র-ছাত্রীর জন্য অনলাইনে আবেদন বাধ্যতামূলক।

২০২১-২০২২ খ্রিঃ শিক্ষা বর্ষে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের অধীন মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (MATS)-এ ৩ (তিন) বৎসর মেয়াদী কোর্স ও ০১ (এক) বৎসর ইন্টার্নশীপ সহ ডিপ্লোমা কোর্স এবং ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজিতে (IHT)৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা ইন মেডিকেল টেকনোলজি কোর্সের বিভিন্ন অনুষদে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলীসহ দরখাস্ত আহবান করা হচ্ছে।

০১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২. ভর্তির যোগ্যতাঃ ২০১৭ থেকে ২০২১ খ্রিঃ সনে এসএসসি/সমমান পরীক্ষায় বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ এবং নুন্যতম জিপিএ ২.৫ (পয়েন্ট) প্রাপ্ত হতে হবে। জীববিজ্ঞান বিষয় হিসাবে অবশ্যই থাকতে হবে।

০৩. যে সকল প্রার্থী O-Level বা বিদেশ থেকে পাশ করেছেন তাদেরকে Director, Medical Education এর কাছ থেকে ২০০০/- টাকার পে-অর্ডার দিয়ে Marks Equivalence Certificate (নম্বর সমতাকরন সনদ) ও ID Code সংগ্রহ করতে হবে। এটা ছাড়া ফরম পূরণ করা যাবে না।
বিভাগীয় প্রার্থীরা পূর্বেই পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এর কাছ থেকে ID Code সংগ্রহ করবেন।

০৪. ভর্তির দরখাস্ত শুধুমাত্র অনলাইন (On line) এ করতে হবে। সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

*অনলাইনে আবেদন করার শুরুর তারিখঃ ২০/০১/২০২২খ্রিঃ সকাল ১০টা।*
*আবেদন করার শেষ তারিখঃ ১৩/০২/২০২২খ্রিঃ রাত ১১-৫৯ মিঃ ।*
*প্রবেশ পত্র ডাউনলোডঃ ১৯-০২-২০২২ হতে ২২-০২-২০২২ খ্রিঃ পর্যন্ত।*
*পরীক্ষার তারিখঃ ২৫-০২-২০২২খ্রিঃ শুক্রবার, সময় ০১ ঘন্টা (সকাল : ১০ টা - ১১ টা পর্যন্ত) ।*

০৫. যে কোন একটি সেন্টারে পরীক্ষা দেওয়ার এবং MATS/IHT এর মধ্যে সর্বোচ্চ **৬টি কোডে** পছন্দক্রমানুসারে আবেদন করা যাবে। একই SMS-এ ম্যাটস এবং আই,এইচ,টি উভয় প্রতিষ্ঠানে ভর্তির জন্য আবেদন গৃহীত হবে। সেন্টার কোড (ছক-১) এবং IHT/MATS এ ভর্তি কোডের জন্য (ছক-২ ও ছক-৩) ব্যবহার করতে হবে। কোটায় ভর্তির ক্ষেত্রে একাধিক কোটার দাবিদার হলে কমা (,) দিয়ে পর পর লিখতে হবে।

০৬. **ভর্তির আবেদন ফি ৭০০/- টাকা (প্রি-পেইড টেলিটকের মাধ্যমে প্রদান করতে হবে)।**
SMS করার জন্য কোড সমুহ ঃ

**ছক-১:** পরীক্ষার সেন্টার (যে কোন একটি) :

| IHT | Code | MATS | Code |
|---|---|---|---|
| Dhaka IHT | 81 | Bagerhat | 91 |
| Rajshahi IHT | 82 | Kushtia | 92 |
| Bogura IHT | 83 | Noakhali | 93 |
| Chattogram IHT | 84 | Sirajgong | 94 |
| Barishal IHT | 85 | Tangail | 95 |
| Rangpur IHT | 86 | Cumilla | 96 |
| Jhenaidah IHT | 87 | Faridpur | 97 |
| Sylhet IHT | 88 | | |

**ছক-৫:** কোটা কোড

| | |
|---|---|
| Freedom Fighter | FF |
| Tribal | TR |

**ছক-২:** IHT Subjects ( কোড সমূহ)

| IHT | Subjects | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | Laboratory | Radiography | Physiotherapy | Dentistry | Pharmacy | Radiotherapy | OTA | ICA |
| Dhaka | 111 | 112 | 113 | 114 | 115 | 116 | 117 | 118 |
| Rajshahi | 121 | 122 | 123 | 124 | 125 | 126 | - | - |
| Bogura | 131 | 132 | 133 | 134 | 135 | 136 | - | - |
| Chattogram | 141 | 142 | 143 | 144 | 145 | 146 | - | - |
| Barishal | 151 | 152 | 153 | 154 | 155 | 156 | - | - |
| Rangpur | 161 | 162 | 163 | 164 | 165 | 166 | - | - |
| Jhenaidah | 171 | 172 | 173 | 174 | 175 | 176 | - | - |
| Sylhet | 181 | 182 | 183 | 184 | 185 | - | - | |
| Sirajgonj | 191 | - | - | - | 195 | - | - | - |
| Satkhira | 201 | 202 | - | - | - | - | - | - |
| Jamalpur | 211 | 212 | - | 214 | 215 | - | - | - |
| Tungipara, Gopalgonj | 221 | - | - | - | 225 | - | - | - |
| Gazipur | 231 | - | - | - | 235 | - | - | - |
| Kashiani Gopalgonj | 241 | | | | 245 | | | |
| Joypurhat | 251 | | | | 255 | | | |
| Madaripur | 261 | 262 | | | 265 | | | |

Example: 124: IHT- Rajshahi: Dentistry , 172: IHT-Jhenaidah: Radiography etc.

ছক-৩: MATS (কোড সমূহ):

| Bagerhat | Kushtia | Noakhali | Serajgang | Tangail | Cumilla | Faridpur | Jhenaidah | Satkhira | Tongipara | Naogaon |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 511 | 512 | 513 | 514 | 515 | 516 | 517 | 518 | 519 | 520 | 521 |

ছক-৪: Division (স্ব-স্ব ডিভিশন কোড লিখতে হবে)

| Dhaka | Chattogram | Rajshahi | Khulna | Barishal | Sylhet | Rangpur | Mymensingh |
|---|---|---|---|---|---|---|---|
| **1** | **2** | **3** | **4** | **5** | **6** | **7** | **8** |

০৭. ১১টি ম্যাটস-এ মোট আসন সংখ্যা: ৯২২টি

| ম্যাটস | মেধা ভিত্তিক | বিভাগীয় আসন | পার্বত্য উপজাতি | মুক্তিযোদ্ধা | মোট আসন |
|---|---|---|---|---|---|
| Bagerhat MATS | ৭৫ | ৭৫ | ১ | ১ | ১৫২ |
| Khustia MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Noakhali MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Sirajgong MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Tangail MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Cumilla MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |
| Faridpur MATS | ৫০ | ৫০ | ১ | ১ | ১০২ |
| Jhenaidah MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |
| Satkhira MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |
| Tungipara MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |
| Naogaon MATS | ২৫ | ২৫ | ১ | ১ | ৫২ |

প্রশাসনিক বিভাগীয় (Divisional) কোটার ক্ষেত্রে প্রতিটি ম্যাটসে ১৫% আসন মহিলা প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। তবে বিভাগীয় (Division) কোটা বা মহিলা সংরক্ষিত আসনে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সাধারণ মেধা তালিকা হতে ঐ আসনগুলি পূরন করা হবে। উপজাতি কোটার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা একই হবে। উপজাতীয় প্রার্থীতার স্বপক্ষে গোত্র প্রধান ও জেলা প্রশাসক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র ভর্তির সময় জমা দিতে হবে।

০৮. ১৬টি IHT-তে মোট আসন সংখ্যা: ৩২৫৫ টি

| IHT | Subjects | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Laboratory | Radiography | Physiotherapy | Dentistry | Pharmacy | Radiotherapy | OTA | ICA | Freed.Fighters | Tribal | TOTAL |
| Dhaka | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | ২৫ | ২৫ | ০৫ | ০২ | ৩২৭ |
| Rajshahi | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Bogura | ৬৫ | ৫৫ | ৫০ | ৫৫ | ৫৫ | ২০ | - | - | ০৫ | ০২ | ৩০৭ |
| Chattogram | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Barishal | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Rangpur | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Jhenaidah | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ২০ | - | - | ০৫ | ০২ | ২৭৭ |
| Sylhet | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | - | - | - | ০৫ | ০২ | ২৫৭ |
| Serajgonj | ৫০ | - | - | - | ৫০ | - | - | - | ০২ | ০১ | ১০৩ |
| Satkhira | ৫০ | ৫০ | - | - | - | - | - | - | ০২ | ০১ | ১০৩ |
| Jamalpur | ৫০ | ৫০ | - | ৫০ | ৫০ | - | - | - | ০৪ | ০২ | ২০৬ |
| Tungipara, Gopalgonj | ৫০ | | | | ৫০ | - | | | ০২ | ০১ | ১০৩ |
| Gazipur | ৫০ | | | | ৫০ | - | | | ০২ | ০১ | ১০৩ |
| Kashiani Gopalgonj | ৫০ | | | | ৫০ | - | | | ০২ | ০১ | ১০৩ |
| Joipurhat | ৫০ | | | | ৫০ | - | | | ০২ | ০১ | ১০৩ |
| Madaripur | ৫০ | ৫০ | | | ৫০ | - | | | ০৩ | ০২ | ১৫৫ |

**IHT** তে বর্ণিত অনুষদের মোট সাধারণ আসন সংখ্যার ৭০% জাতীয় মেধার ভিত্তিতে, বাকী ৩০% ৮টি প্রশাসনিক বিভাগের (Division) জনসংখ্যার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। বিভাগীয় (Divisional) প্রার্থীদের কোটার দাবীর ক্ষেত্রে প্রার্থীগণকে আবেদন পত্রে উল্লেখিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর অথবা মেয়রের স্বাক্ষরিত সনদপত্র ভর্তির সময় দাখিল করতে হবে।

০৯. **SMS এবং on line এ আবেদন করার পদ্ধতিঃ একজন আবেদনকারী MATS এবং IHT মিলিয়ে সর্বোচ্চ ০৬ টি পর্যন্ত পছন্দ দিতে পারবে।**

আবেদন করার পূর্বে এই তথ্যগুলি লিখে হাতের কাছে নিয়ে বসতে হবে। কোন ভুল হলে শোধরানোর উপায় থাকবে না:
(১) SSC পরীক্ষার বোর্ড, রোল, পরীক্ষার বছর; (২) যে কেন্দ্রে পরীক্ষা দিতে চায় তার কোড (ছক-১); (৩) IHT + Subject কোড (ছক-২); (৪) MATS এর কোড (ছক-৩); (৫) প্রার্থীর জেলা যে বিভাগে (Division) তার কোড (ছক-৪) (৬) প্রার্থীর একটি মোবাইল নম্বর থাকতে হবে যা তার কাছে ভর্তি শেষ হওয়া পর্যন্ত থাকবে।

**প্রিপেইড টেলিটকের SMS এর মাধ্যমে আবেদন প্রক্রিয়া ঃ**

***1st SMS:***

**(ক) সাধারণ ছাত্র-ছাত্রীদের জন্য**

প্রিপেইড টেলিটকের মেসেজ অপসনে গিয়ে DGME লিখে, স্পেস দিয়ে SSC Board লিখে, Roll লিখে, Passing Year লিখে, স্পেস দিয়ে choice1,choice2,--- (পছন্দের ক্রমানুসারে ছক-২ ও ছক-৩ । MATS /IHT যে কোনটি আগে হতে পারে। example:513,122,133,516..... হতে পারে।) স্পেস দিয়ে div code ( ছক-৪) স্পেস দিয়ে quota code (ছক-৫) FF বা TR অথবা দুইটি একসাথে FF,TR লিখে Send করতে হবে 16222 নম্বরে। (" বোর্ডঃ ঢাকা DHA, DIN, SYL, RAJ, JES, BAR, CUM, CHO, TEC, MAD... )

*উদাহরণঃ* **DGME<>DHA<>231423<>2017<>145,513,175,515<>1<>FF and send to 16222**

(খ) **O-Level প্রার্থীদের জন্য :**

DGME<>OLV<>ID NUMBER<>choice1, choice2, choice3....<>div.code<>quota and send to 16222
**EXAMPLE : DGME<>OLV<>1001<>145,513,175,515<>1<>FF & send to 16222**

যে সকল বিভাগীয় প্রার্থী (**Departmental candidate**) **(ভর্তি পরীক্ষা দেবে)** (প্রার্থীদের **SSC তে Biology** থাকতে হবে )।

(গ) DGME<>DEP<>ID NUMBER<>choice1,choice2...<>div.code<>quota and send to 16222
**EXAMPLE : DGME<>DEP<>1001<>145,513,175,515<>1<>FF & send to 16222**
**ফিরতি SMS টি এ রকম (সকল প্রার্থীর জন্য ) ঃ**
Name,Your PIN is 23874576 Inst.choice-Mats:Noakhali & Ctg.Pharmacy, Div(Sylhet) & TK 700 will be charged.

***2nd SMS (সকল প্রার্থীর জন্য)ঃ:***

পুনরায় প্রিপেইড টেলিটকের মেসেজ অপসনে গিয়ে DGME লিখে, স্পেস দিয়ে YES লিখে, ফিরতি মেসেজে পাওয়া PIN নম্বর লিখে স্পেস দিয়ে, পরীক্ষা কেন্দ্রের কোড (ছক-১) স্পেস দিয়ে Contact mobile number (যে নম্বরটি সবসময় প্রার্থীর সংগে থাকবে এবং যাহাতে প্রয়োজনীয় SMS পাঠানো হবে) লিখে 16222 নম্বরে send করতে হবে।

১০. To pay type DGME<>YES<>pin_no<>exam_centre (Table-1)<>contact_no and send to 16222.

*উদাহরণঃ* **DGME<>YES<>23874576<>85<>0172 xxxxxxx** (যে কোন মোবাইল অপারেটর) **and send to 16222**
REPLY: CONGRATS! Name, Fee received successfully for IHT & MATS. Exam center: Barishal-IHT.User name (PDFGJEIT), Password (70180345). Admit card, ছবি ও স্বাক্ষর upload এর জন্য http: //dghs.teletalk.com.bd এ প্রবেশ করতে হবে। **প্রবেশ পত্র ডাউনলোড *এর* এর তারিখঃ *SMS এবং on line এর মাধ্যমে* পরবর্তীতে জানানো হবে।**

১১. (১) প্রার্থী ফি জমাদানের পর প্রবেশ পত্র প্রাপ্তির জন্য http://dghs.teletalk.com.bd এ ব্রাউজ করবেন। MATS & IHT এ্যাডমিশন অপশনে ক্লিক করলে প্রার্থী স্ব স্ব ইউজার নেম ও পাসওয়ার্ড দিয়ে লগ ইন করলে প্রার্থীর তথ্য প্রদর্শিত হবে এবং ছবি ও স্বাক্ষর আপলোড এর অপশন পাওয়া যাবে।
(২) Photo & Signature upload: (পরবর্তীতে ***SMS এবং on line এর মাধ্যমে*** জানানো হবে)
Photo (দৈর্ঘ্য ĺ প্রস্থ) 300 x 300 pixel এবং এই ছবির ফাইল সাইজ ১০০ KB এর বেশী বাঞ্চনীয় নয়। সাদা কালো ছবি গ্রহণযোগ্য নহে। Signature ক্ষেত্রে (দৈর্ঘ্য X প্রস্থ) ৩০০ x ৮০ pixel এবং ফাইল সাইজ 60 KB এর বেশী বাঞ্চনীয় নয়।
নির্ভুল ভাবে সাবমিট করলে প্রার্থীর ছবি, স্বাক্ষর ও কেন্দ্রের নাম সম্বলিত প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন। **প্রবেশ পত্র ঃ** প্রবেশ পত্র ডাউনলোড *এর* এর তারিখঃ *SMS এবং on line এর মাধ্যমে* পরবর্তীতে জানানো হবে।
**(User name, Password আলাদা কাগজে লিখে সংরক্ষণ করতে হবে)।**

১২. IHT এর প্রতিটি অনুষদে; ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর, সিলেট, বরিশাল ও ময়মনসিংহ বিভাগের বিভাগীয় ( **Divisional / Departmental** ) প্রার্থীদের বেলায় মহিলাদের জন্য নূন্যতম ৩০% আসন সংরক্ষিত থাকবে। তবে এ ক্ষেত্রে উপযুক্ত প্রার্থী না পাওয়া গেলে সাধারন মেধা তালিকা হতে আসন পুরন করা হবে।

১৩. ঢাকা, রাজশাহী ও বগুড়া আই,এইচ,টিতে প্রতিটি অনুষদে ০২ (দুই) জন করে বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তি হওয়ার সুযোগ থাকবে এক্ষেত্রে আবেদন করার পূর্বেই স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর থেকে নম্বর সমতার সনদপত্র সংগ্রহ করতে হবে।

১৪. ক) সকল অনুষদে চাকুরীরত বিভাগীয় প্রার্থী আবেদন করতে পারবেন এবং বিভাগীয় প্রার্থীর জন্য ১০% আসন সংরক্ষিত থাকবে। বিভাগীয় প্রার্থীদেরও অন্যান্য সাধারন প্রার্থীর ন্যায় একই শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে এবং একই সংগে লিখিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। বিভাগীয় প্রাথীর বয়স ২০/০১/২০২২ খ্রিঃ তারিখে ৪০ (চল্লিশ) বৎসরের বেশী হলে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।
খ) সকল অনুষদে চাকুরীরত বিভাগীয় প্রার্থী (**Departmental**) বলতে তাদেরকেই বুঝানো হবে যারা স্বাস্হ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে বিভিন্ন প্রতিষ্ঠানে সংশ্লিস্ট বিভাগে এবং সুনির্দিষ্ট পদে কমপক্ষে ৩ (তিন) বৎসর এবং স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠানে ৫(পাঁচ) বৎসর চাকুরী করিয়াছেন।
স্বায়ত্ব শাসিত প্রতিষ্ঠান বলতে যেমন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ও হাসপাাতাল, বারডেম হাসপাতাল, শিশু স্বাস্থ্য ইনষ্টিটিউট ও হাসপাতাল, হলি ফ্যামিলি রেডক্রিসেন্ট মেডিক্যাল কলেজ ও হাসপাতাল, ন্যাশনাল মেডিক্যাল কলেজ ও হাসপতাল, শিশু-মাতৃ স্বাস্থ্য ইনষ্টিটিউট ও হাসপাতাল, মাতুয়াইল, ঢাকা এবং রেলওয়ে হাসপাতাল এ স্ব স্ব বিষয়ে চাকুরীরত আছেন (যেমন- ডেন্টাল এটেনডেন্ট- ডেন্টাল কোর্সে, ল্যাবরেটরী এটেনডেন্ট- ল্যাবরেটরী কোর্সে, ডার্করুম এ্যাসিস্টেন্ট- রেডিওগ্রাফী কোর্সে, কমপাউন্ডার- ফার্মেসী কোর্সে ইত্যাদি) তারাই আবেদন করতে পারবেন।

১৫. প্রত্যেক প্রার্থীকে এসএসসি সিলেবাস অনুযায়ী ১০০ (একশত) নম্বরের এক ঘন্টা লিখিত পরীক্ষায় (বাংলা- ১৫, ইংরেজী- ১৫, অংক-১৫, পদার্থ- ১৫, রসায়ন- ১৫, জীববিজ্ঞার- ১৫, সাধারন জ্ঞান, বাংলাদেশের ইতিহাস ও মুক্তিযুদ্ধ- ১০ অংশ গ্রহন করতে হবে। লিখিত পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে এবং উত্তর পত্র OMR মেশিনে দেখা হবে। MATS এবং IHT উভয় ক্ষেত্রেই ভর্তি পরীক্ষার ফলাফলের সহিত এসএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA এর ২০ গুন যোগ করে মেধা তালিকা প্রস্তুত করা হবে। অর্থাৎ এসএসসি (GPA X ২০) + লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর। ***কোন মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে না।***

১৬. ক) অপেক্ষমান তালিকাও মেধার ভিত্তিতে অনুষদ অনুযায়ী তৈরী করা হবে। অপেক্ষমান তালিকা পরীক্ষার্থীর মেধাক্রমের উপর ভিত্তি করে করা হবে। নির্বাচিত প্রার্থী র্নিদিষ্ট সময়ের মধ্যে ভর্তি হতে অসমর্থ হলে অপেক্ষমান তালিকা হতে তা পূরন করা হবে। ভর্তির সময় ছাত্র-ছাত্রীগনকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট অধ্যক্ষের দপ্তরে জমা দিতে হবে। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় অনুপযুক্ত বিবেচিত হলে তার নির্বাচন বাতিল বলে গন্য হবে। কোনক্রমেই আন্তঃ অনুষদ মাইগ্রেশনের অনুমতি দেওয়া হবে না।

খ) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সাময়িক ভাবে নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে ও অপেক্ষমান তালিকার ক্ষেত্রে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।
গ) ভর্তির জন্য সাময়িক ভাবে নির্বাাচিত তালিকা এবং অপেক্ষমান তালিকা একই সাথে প্রকাশ করা হবে।

১৭. আবেদন পত্রে যে সমস্ত তথ্য ও সনদ পত্রের উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই প্রদান করতে হবে।
(ক) এসএসসি অথবা সমমানের পরীক্ষা পাশের প্রমানপত্র হিসাবে প্রধান শিক্ষকের দেওয়া প্রশংসা পত্র।
(খ) এসএসসি অথবা সমমানের পরীক্ষার নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট।
(গ) স্থায়ী ঠিকানা উল্লেখপূর্বক নাগরিকত্বের সনদপত্র।
(ঘ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি ছবি।
(ঙ) উপজাতীয় প্রার্থীদের বেলায় জেলা প্রশাসক এবং গোত্র প্রধান স্বাক্ষরিত জেলা গোত্র ও চারিত্রিক বৈশিষ্ট সংক্রান্ত সনদপত্র।
(চ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রিঃ মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য) স্বীকৃত তালিকা/গেজেটের নম্বর অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে। চুড়ান্তভাবে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর ভর্তির সময় মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের বর্ণিত পরিপত্র অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় অন্তর্ভুক্তির যথাযথ প্রমাণাদি দাখিল করতে হবে। প্রমাণক ভুল প্রমানিত হলে ভর্তির যোগ্য বিবেচিত হবে না। ভুল করে এই মুক্তিযোদ্ধা কোটা অপশন দিলে কোটায় আসন পেলেও ভর্তি বাতিল হয়ে যাবে। মুক্তিযোদ্ধা কোটার দাবিদার প্রার্থীর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত অন্যান্য বিধি বিধান অনুসরণ করা হবে।
১৮. ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য সরকারি IHT/MATS সমূহের অধ্যক্ষের দপ্তর হতে জানা যাবে।
১৯. ভর্তির পর সকল ছাত্র-ছাত্রীর দাখিলকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ দ্বারা যাচাই করা হবে এবং উক্ত যাচাইয়ের পর কোন ভুল/মিথ্যা তথ্য বের হলে প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। (একাডেমিক ট্রান্সক্রিপ্ট যাচাই ফি বাবদ প্রত্যেক ভর্তিকৃত ছাত্র-ছাত্রীকে সংশিষ্ট অধ্যক্ষের বরাবরে ২০০/- (দুইশত) টাকা ফি (অফেরৎযোগ্য) প্রদান করতে হবে।)

২০. প্রচলিত কারিকুলাম অনুযায়ী কোর্স পরিচালিত হবে। সাফল্যজনকভাবে সংশ্লিষ্ট কোর্স সম্পন্নকারীর সরকারী চাকুরীতে নিয়োগের কোন প্রকার নিশ্চয়তা বা বাধ্যবাধকতা থাকবে না এই মর্মে ভর্তির জন্য মনোনীত প্রত্যেক ছাত্র-ছাত্রীকে প্রচলিত নিয়মানুযায়ী নির্ধারিত ফর্মে/ছকে মুচলেকা প্রদান করতে হবে।

২১. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২২. করোনাকালীন সময়ে পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমে স্বাস্থ্যবিধি মানার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ করা হল।

অধ্যাপক ডাঃ একেএম আহসান হাবিব
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ ৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে/কার্যার্থেঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।

২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়)।

৩. সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়)।

৪. সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষনঃ সচিব মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য জেলা বিষয়ক মন্ত্রণালয়)।

৫. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষন-সহকারী পরিচালক, প্রশাসন)।

৬. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭. যুগ্ম-সচিব (চিশিজ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮. লাইন ডাইরেক্টর, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৯. পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটি স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট-এ প্রচার করার জন্য অনুরোধ করা গেল।

১০. উপ-পরিচালক, প্রশাসন/সবেমেক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

১১. অধ্যক্ষ, ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজী (সকল)।

১২. অধ্যক্ষ, ম্যাটস (সকল)।

১৩. সচিব, বাংলাদেশ রাষ্ট্রীয় চিকিৎসা অনুষদ, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্মরনী (৮৬, বিজয় নগর), ঢাকা।

১৪. সচিব, ফার্মেসী কাউন্সিল অব বাংলাদেশ, রাহাত টাওয়ার (৫ম তলা), পশ্চিম বাংলামটর, ঢাকা।

১৫. অফিস কপি-----------

অধ্যাপক ডাঃ একেএম আহসান হাবিব
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ ৪৮৮১১২০০
Email: medicaledu313@gmail.com